

মাঠগর্যামের কার্যক্রমের ই-মনিটরিং রিপোর্ট


| | |
|---|---|
| ই-মনিটরিং এর তারিখ | : ২৪/০৮/২০২২ |
| ই-মনিটরিং এ অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবী | : মোহাম্মদ শহীদুল্লাহ উপসচিব (উ: ১) |
| ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম | : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, পাঁচবিবি, জয়পুরহাট। |
| ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী | : মোঃ ওবায়দুর রহমান উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাঁচবিবি, জয়পুরহাট। |

ই-মনিটরিং এ পরিদর্শনকৃত/পরিলক্ষিত বিষয়সমূহ :

অদ্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, পাঁচবিবি, জয়পুরহাট ই-মনিটরিং করা হলো। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, কোডিড-১৯ জনিত পরিস্থিতি নিয়ন্ত্রনে চলমান বিধি-নিষেধের কারণে ‘উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ’ এর আওতায় প্রশিক্ষণ কার্যক্রম এপ্রিল-জুন ২০২১ পর্যন্ত বন্ধ ছিল। সদর কার্যালয়ের নির্দেশনা অনুসারে বর্তমানে প্রশিক্ষণ কার্যক্রম চলছে। প্রশিক্ষণার্থীদের দৈনিক ২০০/- টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়। ভিজিডি, ল্যাকটেটিং মাদার ও মাতৃত্বকাল ভাতা বিতরণ কার্যক্রমের আওতায় এনজিও কর্তৃক সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ভিজিডি কর্মসূচির আওতায় ২০২১-২২ চক্রে পাঁচবিবি উপজেলায় ১৯৪৫ জন উপকারভোগীকে মাসিক ৩০কেজি হারে চাল বিতরণ করা হচ্ছে। ল্যাকটেটিং মাদার কর্মসূচির আওতায় পাঁচবিবি গৌরসভায় ৫০০ জন কর্মজীবী মা’কে ৩ বছর মেয়াদে মাসিক ৮০০ টাকা হারে ভাতা প্রদান করা হচ্ছে। দরিদ্র মা’র জন্য মাতৃত্বকাল ভাতা কর্মসূচির আওতায় পাঁচবিবি উপজেলায় ১৩৪৪ জন দরিদ্র মা’কে ৩ বছর মেয়াদে মাসিক ৮০০ টাকা হারে ভাতা প্রদান করা হচ্ছে। ক্ষুদ্রোখণ কর্মসূচির আওতায় এ যাবৎ ২৬৩ জন মহিলাকে ২১,৬২,০০০.০০ টাকা বিতরণ করা হয়েছে। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা যৌতুক, বাল্য বিবাহ, নারী নির্যাতন প্রতিরোধ, নারী ও শিশু পাচার রোধ, মাদক প্রতিরোধসহ স্কুলগামী কিশোর কিশোরীরা যাতে ইভ-টিজিং এর শিকার না হয় সে লক্ষ্যে নিয়মিত উঠান বৈঠক আয়োজন করছেন।

মন্তব্য/সুপারিশ :

বিভাগীয় কার্যক্রমসহ সকল কার্যক্রম ই-নথি ও অনলাইনে করার সুপারিশ করা হলো।



(মোহাম্মদ শহীদুল্লাহ)

উপসচিব (উ: ১)

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়